



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১১২৬৪৪১/নরসিংদী-৪৬/৮৫৫/২

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯  
২৭ সেপ্টেম্বর ২০২২

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন কোচের চর ইসলামিয়া দাখিল মাদ্রাসার ১৯/০১/২০২২ ইং তারিখে অনুমোদিত ম্যানজিং কমিটি গঠনের অনিয়ম উল্লেখ করে জনাব মোঃ ইসলাম উদ্দিন প্রধান অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে তদন্ত কর্মকর্তা হিসেবে অন্তর্ভুক্ত ব্যতিরেকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিয়ম স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৭.০৯.২০২২

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
মনোহরদী, নরসিংদী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১১২৬৪৪১/নরসিংদী-৪৬/৮৫৫/২

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯  
২৭ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নরসিংদী;
২. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী;
৪. সভাপতি, কোচের চর ইসলামিয়া দাখিল, মনোহরদী, নরসিংদী;
৫. সুপার, কোচের চর ইসলামিয়া দাখিল, মনোহরদী, নরসিংদী;
৬. জনাব মোঃ ইসলাম উদ্দিন প্রধান (অভিযোগকারী), কোচের চর ইসলামিয়া দাখিল, মনোহরদী, নরসিংদী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২২২৩৩৬৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

ম্যান  
মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্সি বাজার, ঢাকা।

মোঃ নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কোচের চর ইসলামিয়া  
দাখিল মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের  
বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আবেদন প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ইসলাম উদ্দিন প্রধান পিতা  
মরহুম মমতাজ উদ্দিন প্রধান, গ্রাম-কোচের চর, থানা-মনোহরদী, জেলা-নরসিংদী আমার  
পিতা বিগত ১০/১০/১৯৯৬ইং তারিখে উক্ত প্রতিষ্ঠানে ১৮ শতাংশ সম্পত্তি দান করিয়াছেন।  
উক্ত দান পত্র দলিলের শর্ত মোতাবেক পিতার মৃত্যুর পর আমি প্রতিষ্ঠানের একজন  
আজীবন দাতা সদস্য। কিন্তু বিগত ০৪/১১/২০২১ইং তারিখের কোচের চর ইসলামিয়া  
দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠন কল্পে দেখা যায় দাতা সদস্যের ভোটার প্রার্থির  
তালিকায় আমাকে বাদ দিয়ে নির্বাচনী প্রতিবেদন ও ফলাফল ঘোষণা করা হইয়াছে। যাহা  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-  
২০০৯ এর বিধি ১০(গ) লঙ্ঘন করিয়াছেন। এবং উক্ত বিধি বহির্ভূত কমিটি গঠনের সম্পূর্ণ  
প্রক্রিয়া আমার অজান্তে, গোপনে উদ্দেশ্যে প্রনোদিতভাবে করিয়াছে যাহার ফলে আমার  
অধিকার হইতে বঞ্চিত করা হইয়াছে।

আরো উল্লেখ্য যে আমার আপন চাচা মরহুম হাবিজ উদ্দিন প্রধান ২৬/৭/১৯৭৮ইং  
তারিখে উক্ত প্রতিষ্ঠানে একই দাগের ১৮ (আঠার) শতাংশ সম্পত্তি দান করেন। যাহার  
উপর প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হইয়াছিল। চাচার মৃত্যুর পর হইতে তাহার ছেলে এডভোকেট  
মোঃ সামসুল ইসলাম মুকুল উক্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। তাহাকেও উক্ত  
কমিটির প্রতিষ্ঠাতা সদস্য করা হয়নি। এবং বিগত ১৬/০২/২০১২ইং তারিখে তদানন্তর  
ম্যানেজিং কমিটি রেজুলেশনের মাধ্যমে আমাকে আজীবন দাতা সদস্য করিয়াছেন এবং  
বিগত ২০১৭-২০১৮ সনের ম্যানেজিং কমিটিতে দাতা সদস্য হিসাবে আমাকে রাখা  
হইয়াছিল। উক্ত বিধি বহির্ভূত কমিটি বিগত ১৯/০১/২০২২ইং তারিখে অনুমোদন প্রাপ্তির  
পর আমি অনিয়মের বিষয়টি জানিতে পারি।

অতএব, মহোদয়ের নিকট আমার আকুল আবেদন উপরোক্ত অনিয়মের বিরুদ্ধে  
অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিতে আপনার মর্জি হয়।

তারিখ- ০৭/০৪/২০২২ইং

নিবেদক

মোঃ ইসলাম উদ্দিন প্রধান

(মোঃ ইসলাম উদ্দিন প্রধান)  
পিতা-মোঃ মমতাজ উদ্দিন প্রধান

গ্রাম-কোচের চর,

থানা-মনোহরদী

জেলা-নরসিংদী।

মোবাইল-০১৭৬৬-০৯২৪৯৪